

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
জেশপ বিল্ডিং (দ্বিতল)  
৬৩ নেতাজী সুভাষ রোড, কলকাতা-১

নং-৩৯ ১৫(৩৬)-পি.এ্যান্ড.আর.ডি/পি/ ১৮এস-০ ১/০৬(পার্ট)

তাং : ১৩/০৫/২০০৮

প্রেরক : ডঃ মানবেন্দ্র নাথ রায়, প্রধান সচিব  
পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক : জেলা শাসক / জেলা প্রকল্প সঞ্চালক  
..... জেলা

বিষয় : জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে স্বচ্ছতা ও নাগরিক অধিকার সংক্রান্ত তথ্য জানানোর ব্যবস্থা

মহাশয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চয়তা প্রকল্পের কাজকর্মে স্বচ্ছতা বজায় রাখার লক্ষ্যে প্রকল্প রূপায়ণ সংক্রান্ত তথ্যাবলী জনসমক্ষে প্রকাশ করা প্রকল্পের গুরুত্বপূর্ণ বিষয়গুলির অন্যতম। গ্রাম পঞ্চায়েত স্তরে এবং অন্য প্রকল্প রূপায়ণকারী সংস্থার পক্ষ থেকে এই ধরনের তথ্যাবলী প্রকাশের প্রয়োজনীয়তার গুরুত্ব জানিয়ে ভারত সরকারের পক্ষ থেকে এবং রাজ্য সরকারের পক্ষ থেকেও নির্দেশিকা পাঠানো হয়েছিল, যাতে জনসাধারণ কোন ব্যক্তি/সংস্থাকে জিজ্ঞাসা না করেই অতি সহজে তথ্যগুলি জানতে পারেন।

জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চয়তা প্রকল্পে যাতে আরো স্বচ্ছতা বজায় রাখা যায় এবং সাধারণ মানুষকে প্রয়োজনীয় তথ্য স্বতস্ফূর্তভাবেই নিয়মিত দেওয়া যায় তার জন্য এই নির্দেশিকা দেওয়া হচ্ছে। এখন থেকে গ্রাম পঞ্চায়েত/প্রকল্প রূপায়ণকারী সংস্থার অফিসে প্রত্যেক মাসে নিয়মিত ভাবে প্রকল্প রূপায়ণ সংক্রান্ত প্রাথমিক তথ্যাবলী অফিসের নোটিশ বোর্ডে অবশ্যই টাঙাতে হবে। পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যেই এই কাজ করা বাধ্যতামূলক হবে। এই নোটিশ বোর্ডটি অবশ্যই গ্রাম পঞ্চায়েত/প্রকল্প রূপায়ণকারী সংস্থার অফিসের বাইরে এমনভাবে থাকবে যাতে সাধারণ লোক খুব সহজেই তথ্যগুলি জানতে পারে। নোটিশ বোর্ডে প্রকল্পের মাসিক প্রতিবেদন সংক্রান্ত নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই জানাতে হবে :-

- ক) রেজিস্ট্রিকৃত পরিবারের সংখ্যা এবং জব কার্ড দেওয়া পরিবারের সংখ্যা।
- খ) কাজ চেয়েছে এমন পরিবারের সংখ্যা।
- গ) কাজ পেয়েছে এমন পরিবারের সংখ্যা।
- ঘ) উক্ত মাসে প্রত্যেক পরিবার গড়ে কতদিন কাজ পেয়েছে।
- ঙ) ১০০ দিন কাজ পেয়েছে এমন পরিবারের সংখ্যা।
- চ) অনুমোদিত প্রাক্কলন সহ কতগুলি কাজ শুরু হয়েছে তার নাম, প্রস্তাবিত খরচ এবং কতগুলি শ্রমদিবস সৃষ্টি হবে তার সংখ্যা।
- ছ) অনুমোদিত প্রাক্কলন সহ কতগুলি কাজ শেষ হয়েছে তার নাম, প্রকৃত খরচ এবং কতগুলি শ্রমদিবস সৃষ্টি হয়েছে তার সংখ্যা।
- জ) ঐ মাসের শেষে মজুত অর্থের পরিমাণ।
- ঝ) ঐ মাসে ব্যয়িত অর্থের পরিমাণ।

- ২। ঐ সমস্ত তথ্যাবলি সহ প্রকল্পের প্রতিবেদন বছরে অন্তত দু-বার গ্রাম সংসদের সভায় পেশ ও আলোচনা করতে হবে ।
- ৩। ব্লক অফিসেও অনুরূপ তথ্যসমৃদ্ধ প্রতিবেদন প্রকাশ করে নোটিশ বোর্ডে লাগাতে হবে ।
- ৪। জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চয়তা আইনের অধীনে গুরুত্বপূর্ণ অধিকারগুলি সম্পর্কে জনগণ যাতে সচেতন হয় সেই উদ্দেশ্যে গ্রাম পঞ্চায়েত অফিসের দেওয়ালে নিম্নলিখিত বিষয়গুলি জনগণের জ্ঞাতার্থে লিখতে হবে - যাতে তা সহজেই বাইরে থেকে দেখা যায় এবং ছুটির দিনেও যে কেউ তা পড়তে পারেন ।
  ১. জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চিত আইনের অধীনে প্রত্যেক রেজিষ্ট্রিভুক্ত পরিবার চাহিদার ভিত্তিতে বছরে ১০০ দিন পর্যন্ত কাজ পাওয়ার অধিকারী ।
  ২. কাজ চেয়ে লিখিত আবেদন করলে আবেদন পত্রের তারিখ সহ প্রাপ্তি স্বীকারের রসিদ গ্রাম পঞ্চায়েত অফিস দিতে বাধ্য ।
  ৩. (ক) প্রকল্পে কর্মরত শ্রমিকদের মজুরীর বর্তমান হার :  
(খ) কাজের মাপ / পরিমাণ অনুযায়ী মজুরীর হার :
  ৪. যে কোন ব্যক্তি প্রকল্পের কাজকর্ম সম্পর্কে কোন অভিযোগ লিখিতভাবে গ্রাম পঞ্চায়েত অফিসে জানাতে পারবে এবং পঞ্চায়েত অফিস তার প্রাপ্তিস্বীকারের রসিদ দিতে বাধ্য ।

উপরোক্ত নির্দেশিকা সমস্ত প্রোগ্রাম অফিসারদের এবং গ্রাম পঞ্চায়েত অফিসগুলিতে পাঠিয়ে যাতে সমস্ত গ্রাম পঞ্চায়েত/প্রকল্প রূপায়ণকারী সংস্থায় এবং ব্লক অফিসেও উপরোক্ত নির্দেশাবলী কঠোরভাবে পালিত হয় তা সুনিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি ।

আপনার বিশ্বস্ত

প্রধান সচিব